

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ২১৪

৪/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/২. আযানের শব্দগুলো দু'বার এবং ইকামাতের শব্দগুলো একবার উচ্চারণ করার নির্দেশ

الأمر بشفع الأذان وإيتار الإقامة

আরবী

حَدَّثَنَا أَنَسُ بْنُ مَالِكٍ قَالَ ذَكَرُوا النَّارَ وَالنَّاقُوسَ فَذَكَرُوا الْيَهُودَ وَالنَّصَارَى فَأَمَرَ بِلَالٌ أَنْ يَشْفَعَ الْأَذَانَ وَأَنْ يُوتَرَ الْإِقَامَةَ

বাংলা

২১৪. আনাস (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, (জামা'আতে সালাত আদায়ের জন্য) সাহাবা-ই কিরাম (রাযি.) আগুন জ্বালানো অথবা নাকুস বাজানোর কথা আলোচনা করেন। আবার এগুলোকে (যথাক্রমে) ইয়াহুদী ও নাসারাদের প্রথা বলে উল্লেখ করা হয়। অতঃপর বিলাল (রাযি.)-কে আযানের বাক্য দু'বার করে ও ইকামাতের বাক্য বেজোড় করে বলার নির্দেশ দেয়া হয়।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০ : আযান, অধ্যায় ১, হাঃ ৬০৩; মুসলিম, পর্ব ৪: সালাত, অধ্যায় ২, হাঃ ৩৭৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=33455>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন